# বার্ষিক প্রতিবেদন

## ২০২৩ - ২০২৪

## উপজেলা সমবায় কার্যালয়

### বাগাতিপাড়া, নাটোর

উপদেষ্টা

**ইবনে জামান মোঃ ফয়জুল কবীর**
উপজেলা সমবায় অফিসার
উপজেলা সমবায় কার্যালয়,
বাগাতিপাড়া, নাটোর ।

সম্পাদনা পরিষদ

**ইবনে জামান মোঃ ফয়জুল কবীর**
উপজেলা সমবায় অফিসার
উপজেলা সমবায় কার্যালয়,
বাগাতিপাড়া, নাটোর ।

**মোঃ সাজিদুল ইসলাম**
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়,
বাগাতিপাড়া, নাটোর ।

**মোঃ মোঃ মাহফুজ রেজা**
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়,
বাগাতিপাড়া, নাটোর ।

সংকলনে

মোঃ সাজিদুল ইসলাম, সহকারী পরিদর্শক
মোঃ মাহাফুজ রেজা, সহকারী পরিদর্শক
মোঃ আবদুল্লাহ আল মামুন, ফ্যাসিলিটেটর
মোঃ শরিফুল ইসলাম, কৃত্তিম প্রজননকারী
মোঃ জহুরুল ইসলাম, অফিস সহায়ক

প্রকাশকাল

১৪ অক্টোবর ২০২৪ খ্রিষ্টাব্দ

প্রকাশনায়

উপজেলা সমবায় কার্যালয়,
বাগাতিপাড়া, নাটোর।
ফোনঃ ০২ ৫৮৮৮৭৫০৯২
website: www.cooperative.bagatipara.notore.gov.bd
e-mail: uco_bagatipara@yahoo.com



# সমবায়-সংগীত

-কাজী নজরুল ইসলাম

'ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- 'সমবায়, সমবায়!'
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছি আসি - রবে না জগতে প্রবলের অন্যায়॥



জেলা সমবায় অফিসার
নাটোর

# বাণী

দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে সমবায়ের অবদান তুলে ধরার জন্য উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর কর্তৃক বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশিত হচ্ছে জেনে আমি আনন্দিত।

গ্রামীণ জনগোষ্ঠির দারিদ্র বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নে সমবায় সমিতিগুলো গুরত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।

এ প্রতিবেদনে সমবায় কার্যক্রমের পরিসংখ্যান হিসেবে সমবায় সমিতিগুলোর সংখ্যা, সদস্য, কার্যকরী মূলধন, ঋণ বিতরণ, আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, প্রশিক্ষণ, সরকারি রাজস্ব আদায়, মুনাফা ও লভ্যাংশ বিতরণের পাশাপাশি বাগাতিপাড়া উপজেলার বিভিন্ন সমবায় সমিতির কার্যক্রম ও প্রশিক্ষণের মাধ্যমে সমবায়ীদের সক্ষমতা ও আয়বর্ধনমূলক কর্মকান্ড বৃদ্ধির লক্ষ্যে আয়োজিত প্রশিক্ষণ বিষয়ে বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরা হয়েছে।

গ্রামীণ অর্থনীতিকে সচল রাখতে অব্যাহতভাবে বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশের পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়নে সমবায় বিভাগ কাজ করে যাচ্ছে এবং সক্রিয়ভাবে অবদান রেখে চলেছে। বিভিন্ন ভোগ্য ও ব্যবহার্য পণ্য উৎপাদন ও বিপণন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে আয় বৈষম্য দূরীকরণ ও জাতীয় অর্থনীতিকে শক্তিশালীকরণে দৃশ্যমান অবদান রাখছে সমবায়।

প্রতিবেদনটি উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এর কার্যক্রম প্রচারে অবদান রাখবে এবং সমবায় কর্মকান্ড সম্পর্কে জানতে আগ্রহী সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের নিকট সমাদৃত হবে বলে আমি বিশ্বাস করি। প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

(মোঃ হোসেন শহীদ)



উপজেলা সমবায় কার্যালয়
বাগাতিপাড়া, নাটোর

# মুখবন্ধ

সমবায় এমন একটি উন্নয়ন-পদ্ধতি যা সমাজের সকল শ্রেণির মানুষ নিজেদের সার্বিক উন্নয়নের জন্য সমানভাবে অনুসরণ করতে পারেন। বলা যায় এ হচ্ছে এক ধরনের সাম্যবাদী গণতান্ত্রিক উন্নয়ন মডেল। সমবায়ের মূল উদ্দেশ্য হচ্ছে আর্থ-সামাজিকভাবে শোষিত, বঞ্চিত ও পিছিয়ে পড়া জনশ্রেণিকে জমিদার- মহাজনদের মাত্রাতিরিক্ত শোষণ থেকে মুক্ত করা। তারই প্রেক্ষিতে সাধারণ মানুষের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন ও দারিদ্র্য হ্রাসে সমবায় সমিতিগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। এই উপজেলায় ২০২৩ সাল থেকে দায়িত্ব গ্রহণের পর সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রেখেছি। বাগাতিপাড়া উপজেলার সমবায় সমিতিসূমহ দেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশিত হলো।

বাগাতিপাড়া উপজেলায় বর্তমানে ১৫ প্রকারের সমবায় সমিতি রয়েছে। জুন, ২০২৪ পর্যন্ত মোট সমিতির সংখ্যা ১২৩ টি। যার মধ্যে ১১৫ টি কার্যকর ও ০৮ টি অকার্যকর। উপজেলার সমবায় সমিতির মোট সদস্য সংখ্যহ ৫,১৭৭ এর মধ্যে পুরুষ সদস্য ৪৫৬৭ জন এবং মহিলা সদস্য ৬১০ জন।

এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠির মাঝে ঋণ সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তারই ফলস্বরুপ প্রায় দশ বছর আগে এই উপজেলার একটি সমবায় সমিতি জাতীয় পুরস্কার প্রাপ্ত হয়। নারীর ক্ষমতায়নের প্রেক্ষাপটে এ উপজেলার প্রায় ৮০ জন নারী সমবায়ীকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

যে সকল সহকর্মী বার্ষিক প্রতিবেদন প্রস্তুতির কাজে বিভিন্নভাবে সহযোগিতা প্রদান করেছেন তাঁদের অশেষ ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জানাচ্ছি। জয়তু সমবায়।

(ইবনে জামান মোঃ ফয়জুল কবীর)

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| ১ | প্রারম্ভিকা | ০৬-০৮ |
| ২ | প্রথম অধ্যায় : উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এর লক্ষ্য, উদ্দেশ্য ও সমিতির তথ্য | ০৯-১৩ |
| ৩ | দ্বিতীয় অধ্যায়: সমবায় খাতের অগ্রগতি | ১৪-১৫ |
| ৪ | তৃতীয় অধ্যায়: জাতীয় সমবায় পুরস্কার | ১৬ |
| ৫ | চতুর্থ অধ্যায়: প্রশিক্ষণ | ১৭-১৯ |
| ৬ | পঞ্চয় অধ্যায়: সফল সমবায় সমিতি | ২০ |
| ৭ | ষষ্ঠ অধ্যায়: বিভিন্ন অনুষ্ঠান ও কার্যক্রমের চিত্র | ২১-২৩ |


## টেকসই সমবায়, টেকসই উন্নয়ন

# প্রারম্ভিকা

সমবায় এর আর্থ-সামাজিক দ্যোতনা বিচার করে বলা হয়ে থাকে 'সমবায় সমিতি হচ্ছে সদস্যদের জন্য, সদস্যদের দ্বারা এবং সদস্যদের কল্যাণে পরিচালিত সংগঠন। (A Cooperative Society is the organization of the cooperators, for the cooperators and by the cooperators).বাংলার কৃষককে সুদখোর মহাজনদের শোষন থেকে বাঁচানোর মহৎ উদ্দেশ্যে এ উপমহাদেশে ১৯০৪ সালে সমবায় আন্দোলনের আনুষ্ঠানিক যাত্রা শুরু।

উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর একটি পুরাতন কার্যালয়। এই কার্যালয়ের অধীনে মোট ১২৩ টি প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। কার্যালয়টি বাগাতিপাড়া উপজেলা পরিষদ চত্ত্বরে উপজেলার প্রাণকেন্দ্রে পুরাতন উপজেলা প্রশাসনিক ভবনের দোতলায় অবস্থিত। ২টি অফিস কক্ষ নিয়ে সমবায় কার্যক্রম পরিচালনা করছে।

বিভিন্ন চড়াই উৎরাই পেরিয়ে সময়ের প্রেক্ষাপটে ক্ষুদ্র ব্যবসা, মৎস্য, দুগ্ধ, সঞ্চয়-ঋণদান, সার্বিক গ্রাম উন্নয়ন, যুব, বহুমুখী, ক্ষুদ্র ব্যবসায়ী, আশ্রায়ণ, আশ্রায়ণ ফেইন-২, কৃষি বাজারজাতকরণ ইত্যাদি মোট ১৫ শ্রেণির বিভিন্ন খাতে সমবায় পদ্ধতির বিস্তার ঘটেছে। এ সুদীর্ঘ পথ পরিক্রমার ইতিহাস থেকেই বুঝা যায় সমবায় পদ্ধতির গ্রহণযোগ্যতা রয়েছে এবং ভবিষ্যতে তা আরো বৃদ্ধি হতে থাকবে। সমবায়কে যথাযথ গুরুত্ব দিয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশের সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে সমবায়কে সম্পদের মালিকানার ২য় খাত হিসেবে অর্ন্তভূক্ত করেছেন।

উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এর ১২৩ টি, সদস্য সংখ্যা ৫১৭৭ জন, মোট কার্যকরী মুলধনের পরিমাণ ২৬১.৫৮ (লক্ষ) টাকা।

এ সকল সমবায় সমিতির বেশির ভাগই ক্ষুদ্র আয়ের জনগোষ্ঠীর মাঝে ঋণ সুবিধা প্রদান করে দারিদ্র্য বিমোচন ও অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে গুরত্বপূর্ণ অবদান রাখছে। অন্যদিকে কৃষি বাজারজাতকরণ ও মৎস্যখাতে সমবায়ের কার্যক্রম ক্রমেই বিস্তৃতি ঘটছে। প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক বাস্তবায়নাধীন আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে আশ্রয়হীন ও ভূমিহীন জনগোষ্ঠীকে ভূমি ও বাসস্থান বরাদ্দ করে দেশের জনশক্তির মূলধারায় সংযুক্ত করার প্রয়াসে গড়ে উঠেছে উপজেলায় ১৭ টি আশ্রয়ণ প্রকল্পর মধ্যে ০৫টি আশ্রয়ণ সমবায় সমিতি নিবন্ধিত। উল্লেখ্য যে, এ প্রকল্পটি বাংলাদেশ সরকারের অগ্রাধিকার প্রকল্পের অন্যতম। আশ্রয়ণ প্রকল্পের অন্যতম প্রধান অংগ ক্ষুদ্র ঋণ কার্যক্রম সমবায় অধিপ্তরের সরাসরি তত্ত্বাবধানে পরিচালিত হয়। সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি গ্রামের সকল মানুষকে একত্রিত করে গ্রামের অনাবিষ্কৃত সম্ভাবনাগুলোকে উন্মোচন করে স্থানীয় সম্পদ সৃষ্টিতে উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে।

দেশের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমী, কুমিল্লা এবং নওগাঁতে আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনষ্টিটিউট, নওগাঁ এর মাধ্যমে সমবায়ীদের এবং উপজেলা সমবায় অফিস, বাগাতিপাড়া, নাটোর এর কর্মচারিবৃন্দের দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে।

এছাড়া সমবায় অধিদপ্তরের প্রধান কার্যাবলীর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে সমবায় সমিতি আইন ও বিধিমালার আলোকে নতুন নতুন সমবায় সমিতি নিবন্ধন, নিবন্ধিত সমবায় সমিতিসমূহের পরিচর্যা, সমবায় সমিতির হিসাব নিরীক্ষণ, সমবায় সমিতির নির্বাচন, আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি ইত্যাদি।

**সমবায়ের উন্নয়নে বর্তমান সরকারের গৃহীত পদক্ষেপঃ**

সমবায়ের মূল চালিকাশক্তি এর সদস্য, সদস্যদের সার্বিক উন্নয়নকল্পে বর্তমান সরকার গ্রহণ করেছে স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী ব্যাপক কর্ম পরিকল্পনা। ইতোমধ্যে সমবায় সেক্টরের জন্য রাজস্ব বাজেট বৃদ্ধিকরণ, নতুন জনবল নিয়োগ, সকল পর্যায়ে সুয়োগ সুবিধা বৃদ্ধির পাশাপাশি ব্যাপকহারে সমবায়ীদের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান এবং বিভিন্ন উন্নয়ন প্রকল্প বিশেষভাবে উল্লেখযোগ্য **ক) 'উন্নত জাতের গাভী পালনের মাধ্যমে সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন' শীর্ষক প্রকল্পঃ খ) সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি)**

সময়ের চাহিদা পূরণে ও সমবায়ীদের দাবীর পরিপ্রেক্ষিতে ২০২০ সালে সরকার সমবায় সমিতি বিধিমালা-২০০৪ সংশোধন করে সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধন-২০২০) জারি করেছে। সমবায়ীদের চাহিদার পরিপ্রেক্ষিতে সরকার সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন-২০০২ ও ২০১৩) এর অধিকতর সংশোধনের জন্য খসড়া আইন প্রণয়নের কাজ হাতে নিয়েছে।

**আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় অফিস, বাগাতিপাড়া, নাটোরে নিম্নলিখিত বিভিন্ন ক্যাটাগরির ১৫ টি সমবায় সমিতি রয়েছেঃ**

(১) কৃষি বাজারজাতকরণ সমবায় লিঃ
(২) যুব সমবায় সমিতি লিঃ
(৩) সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ
(৪) বহুমুখী সমবায় সমিতি
(৫) মৎস্যজীবি সমবায় লিঃ
(৬) মহিলা সমবায় লিঃ
(৭) ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃ
(৮) ক্রেডিট উইনয়ন লিঃ

(৯) ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ
(১০) সঞ্চয় ও ঋণদান সমবায় লিঃ
(১১) অশ্রেয়ণ সমবায় লিঃ
(১২) গাভী পালন প্রকল্পের নারী উন্নয়ন সমবায় সমিতি লিঃ
১৩) আশ্রয়ণ সমবায় লিঃ
১৪) আশ্রয়ণ ফেইঁজ-২ সমবায় লিঃ
১৫) সিভিডিপি প্রকল্পভুক্ত সমবায় সমিতি

# ১ম অধ্যায়

## উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর

**১. উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী**

**১.১ রূপকল্প:**

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

**১.২ অভিলক্ষ্য:**

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি, অকৃষি, আর্থিক ও সবাখাতে টেকসই সমবায় গড়ে তোলা।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

**১.৩.১ সমবায় অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ:**

১. উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;
২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;
৩. মানসম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;
৪. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য:**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;

**১.৪ কার্যাবলী:**

১. সমবায়নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;
২. সমবায় নিরীক্ষা, পরিদর্শন ও তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;
৩. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারিদের প্রশিক্ষণ/উচ্চতর প্রশিক্ষণের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশাগত মান বৃদ্ধি করা;
৪. সমবায় সদস্যবৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র্য হ্রাস করা;
৫. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা;
৬. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায় ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;
৭. সমবায় ভিত্তিক প্রকল্প ও কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন আর্থ-সামাজিক উন্নয়ন;
৮. সমবায় পণ্য ব্রান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা;
৯. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচী এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা।

**১.৫ উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এর লক্ষ্য এবং দায়িত্ব:**

১. সমবায় আন্দোলনের প্রশাসনিক এবং ব্যবস্থাপনা বিষয়ক নীতিপ্রণয়ন করা ;

২. নীতিমালার আলোকে প্রণীত সমবায় সমিতি আইন এবং বিধিমালার ব্যবহারিক প্রয়োগতত্ত্বাবধান করা;

৩. সমবায় আন্দোলনকে বেগবান করার জন্য সরকার এবং অন্যান্য কর্তৃপক্ষকে করণীয় সম্পর্কে সুপারিশ বা প্রস্তাবনা প্রদান করা;

৪. সমবায় অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারী এবং সমবায় সমিতির সদস্য, ব্যবস্থাপনা কমিটির সদস্য, বেতনভুক্ত কর্মচারীদেরকে বিভিন্ন পদ্ধতি ও প্রতিষ্ঠানের মাধ্যমে সমবায় নীতিমালা ও এর প্রায়োগিক বিষয়ে প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রদান করা;

৫. সমবায় সমিতি আইন ও বিধিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করা সাপেক্ষে, মূলধন গঠন ও বিনিয়োগ,সঠিক ব্যবস্থাপনা, তহবিলের যথাযথ ব্যবহার করতঃ সমিতির স্বাভাবিক এবং আইনগত কার্যক্রম ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়াদি পরিচালনার জন্য সমবায় সমিতি সংগঠন, নিবন্ধন এবং অডিট করা;

৬. যুগের চাহিদা মোতাবেক সমিতি পরিচালনার সুবিধার্থে সমবায় সমিতি আইন ও বিধিমালা সংশোধনের জন্য পরামর্শ প্রদান করা এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তরের উপর অর্পিত বিধিবদ্ধ দায়িত্ব পালন এবং ক্ষমতা প্রয়োগ করা;

৭. সমবায় সমিতির কার্যক্রম সম্পর্কে জরিপ, গবেষণা এবং কেস স্টাডি পরিচালনা করে ফলাফল এবং প্রতিবেদন প্রকাশ করা এবং সরকারের নিকট সুপারিশ পেশ করা;

৮. সরকারের অনুমোদনক্রমে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন করা ;

৯. সমবায়ের প্রচার, প্রকাশনা ও সম্প্রসারণমূলক কর্মকাণ্ড পরিচালনা করা : এবং

১০. দাপ্তরিক প্রশাসন পরিচালনা।

**১.৬ প্রশিক্ষণ প্রতিষ্ঠান:**

মানব সম্পদ উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, নাটোর উল্লেখযোগ্য ভূমিকা পালন করে থাকে। এই বিভাগের মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সমবায় একাডেমী ও আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁ এর মাধ্যমে বিভাগীয় কর্মকর্তা/কর্মচারী এবং সমবায়ীদের সমবায় ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করে থাকে।

**১.৭ সমবায় দিবস:**

**আন্তর্জাতিক সমবায় দিবসঃ** জুলাই মাসের ১ম শনিবার

**জাতীয় সমবায় দিবসঃ** নভেম্বর মাসের ১ম শনিবার

**১.৮ সমবায় সমিতি সংক্রান্ত তথ্য:**

**১.৮.১ সমিতির স্তর বিন্যাস:** দেশের মোট সমবায় সমিতিসমূহ ৩টি স্তরে বিভক্ত-

ক. প্রাথমিক সমবায় সমিতি

খ. কেন্দ্রীয় সমবায় সমিতি

গ. জাতীয় সমবায় সমিতি

অপরদিকে সমিতি গঠনের উদ্যোগ, অর্থায়ন ও সেবা প্রদানের দৃষ্টিকোণ থেকে সমবায় সমিতিসমূহকে দু'ভাগে ভাগ করা যায়-

ক. সাধারণ সমবায় সমিতি

খ. বিআরডিবি সমর্থনপুষ্ট সমবায় সমিতি

### ১.৮.২ সমিতির সংখ্যা:

২০২৩-২০২৪ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া,নাটোর এর মোট সমবায় সমিতির সংখ্যা ১২৫ টি, যার শ্রেণী বিন্যাস নিম্নরূপঃ

| শ্রেণী | সংখ্যা |
|---|---|
| কেন্দ্রীয় | ০২ টি |
| প্রাথমিক | ১২৩ টি |
| মোট | ১২৫ টি |

.১ উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এর প্রকল্পসমূহ

| প্রকল্পের নাম | সরকার হতে প্রাপ্ত অর্থের পরিমাণ (লক্ষ্য টাকায় | উপকারভোগীদের মাঝে প্রদত্ত অর্থের পরিমাণ (ক্রমপুঞ্জিভূত, লক্ষ টাকায়) | উপকারভোগীর সংখ্যা | আদায়ের হার (%) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| আশ্রয়ণ ফেইজ-২ | ২.৮০ | ৭.০৫ | ৪০ জন | ৭৩% |
| গাভী প্রকল্প | ২০০.৪০ | ৩০০.৪৪ | ৩৪৪ জন | ৭১% |
| সিভিডিপি | - | - | ৫০০ জন | |

এছাড়া সিভিডিপি প্রকল্পর আইজিএ প্রশিক্ষণের মাধ্যমে ১০০ জনের অধিক সমবায়ী কে বিভিন্ন ট্রেড ২ মাসব্যাপী প্রশিক্ষণ দেয়া হয়েছে। তারা প্রশিক্ষণের মাধ্যমে আত্মকর্মসংস্থানের ব্যবস্থা করেছে।

### ১.৮.৫ কর্মসংস্থান:

এই উপজেলায় সমবায় সমিতির মাধ্যমে ২০২৩-২০২৪ অর্থবছরের ৩০ জুন পর্যন্ত সর্বমোট ৩২৫ জন লোকের প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব হয়েছে।

### ১.৮.৬ অডিট ফি ও সমবায় উন্নয়ন তহবিল আদায়:

উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর সরকারি রাজস্ব (ননট্যাক্স) আয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সমবায় সমিতি নিবন্ধনের সময়, নিবন্ধন ফি আদায় করা হয়। অপরদিকে সমিতির অডিট কার্যক্রম সম্পন্ন করার পর সমিতি হতে সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধন ২০২০) এর ১০৭ বিধি অনুযায়ী নির্দিষ্ট হারে অডিট ফি আদায় করা হয়। ২০২৩-২০২৪ অর্থবছরে সমবায় অডিট ফি হিসেবে ৯৭৬৬০ টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল হিসেবে ৫৯৬০৩ টাকা অর্থাৎ মোট ১,৫৭,২৬৩ টাকা রাজস্ব সরকারি কোষাগারে জমা হয়েছে।

### ১.৮.৭ নিবন্ধন ফি বাবদ আদায়:

অত্র বিভাগের আওতায় সমবায় সমিতি নিবন্ধন ফি বাবদ মোট ৩০০ টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে।

### ১.৮.৮ সমবায় সমিতির অডিট:

উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এর অন্যতম প্রধান কাজ হল নিবন্ধিত সমবায় সমিতির হিসাব ও কার্যক্রম অডিট করা হয়। এ অডিট কার্যক্রমের মাধ্যমে সমবায় সমিতির কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হয়। ২০২৩-২৪ অর্থ বছরে সমিতি অডিটের তথ্য নিম্নের ছকে দেখানো হলো।

| সমিতির শ্রেণি | অডিটযোগ্য সমিতির সংখ্যা | অডিটকৃত সমিতির সংখ্যা | অগ্রগতির হার (%) |
|---|---|---|---|
| কেন্দ্রীয় সমিতি | ০২ | ০২ | ১০০% |
| প্রাথমিক সমিতি | ১২৩ | ১২৩ | ১০০% |
| মোট | ১২৫ | ১২৫ | ১০০% |

### ১.৮.৯ প্রচার ও প্রকাশনা কার্যক্রম:

- ❖ সমবায়ের কার্যক্রম প্রচার ;
- ❖ উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এর অন্যান্য প্রকাশনা যেমন- বার্ষিক প্রতিবেদন, বুকলেট, পোষ্টার ইত্যাদি ;
- ❖ বিভিন্ন সেমিনার ও কর্মশালা আয়োজন ;
- ❖ জাতীয় ও আন্তর্জাতিক সমবায় দিবস উদযাপন ;
- ❖ জাতীয় সমবায় পুরষ্কার সংক্রান্ত কার্যক্রম ;
- ❖ গণ মাধ্যমের সাথে যোগাযোগ ও প্রচার সংক্রান্ত কাজ ;
- ❖ সমবায় সংক্রান্ত বিভিন্ন প্রদর্শনী যেমন- ডকুমেন্টারী প্রদর্শন, মেলা ইত্যাদির আয়োজন করা ;
- ❖ গ্রন্থাগার ব্যবস্থাপনা, বইপত্র, সাময়িকী সংগ্রহ ও সংরক্ষণ ;
- ❖ সমবায় কার্যক্রম এর প্রচার সংক্রান্ত ফটোগ্রাফিক কার্যক্রম;

## ১.৯. ২০২৩-২৪ অর্থ বছরে এই কার্যালয়ের উল্লেখযোগ্য কার্যক্রম:

### ১.৯.১. ৫২ তম জাতীয় সমবায় দিবস উদযাপন:

৪ নভেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে ৫২তম জাতীয় সমবায় দিবস উপলক্ষ্যে উপজেলা সমবায় কার্যালয় ও উপজেলা প্রশাসন, বাগাতিপাড়া, নাটোর এর সার্বিক তত্ত্বাবধানে আয়োজিত এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপজেলার মিলনায়তন কেন্দ্রে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ অহিদুল ইসলাম (গকুল), উপজেলা পরিষদ চেয়ারম্যান সাহেব উপস্থিত থেকে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব নিলুফা সরকার, উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর মহোদয়।

### ১.৯.২ উপজেলা সমবায় অফিস, বাগাতিপাড়া, নাটোর কর্তৃক শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনঃ

উপজেলা সমবায় অফিস, বাগাতিপাড়া, নাটোর কর্তৃক ২১ ফ্রেব্রুয়ারি, ২০২৪ শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন উপলক্ষে সকল কর্মকর্তা-কর্মচারি কেন্দ্রীয় শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণ করেন।

### ১.৯.৩ মহান বিজয় দিবস উদযাপনঃ

'জাতীয় ও মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে উপজেলা অডিটরিয়ামে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন স্থানীয় সংসদ সদস্য মোঃ শহিদুল ইসলাম বকুল। কর্মসূচির মধ্যে ছিল, আলোচনা সভা ও দোয়া মাহফিল।

### ১.৯.৪ সমবায় অধিদপ্তর এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২৪-২৫):

উপজেলা সমবায় অফিস, বাগাতিপাড়া, নাটোর কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য অত্র কার্যালয় তার চলমান কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে। এর মধ্যে উদ্ভাবনী চর্চার মাধ্যমে নাগরিক সেবা সহজিকরণ, নতুন নতুন উৎপাদনমুখী সমবায় সংগঠন তৈরি, সমবায় উদ্যোক্তা সৃষ্টি। সমবায়ের সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়ন এবং সমিতি পরিদর্শন জোরদারকরণ করা হয়েছে এবং দিন দিন সমবায় সমিতির সংখ্যা এবং সদস্য সংখ্যা উত্তোরত্তর বৃদ্ধি পাচ্ছে।

জেলা সমবায় অফিসারের নেতৃত্বে জেলার ৬টি উপজেলা সমবায় অফিসারগণ নির্দিষ্ট সময়ে বার্ষিক কর্মসম্পাদনা চুক্তি অনুষ্ঠিত হয়।

<u>বাগাতিপাড়া উপজেলা সমবায় দপ্তরের বিভিন্ন পদের তালিকা</u>

| ক্রঃ নং | পদের নাম | অনুমোদিত জনবল | কর্মরত জনবল | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা সমবায় কর্মকর্তা | ১ | ১ | ০ |
| ২. | সহকারী পরিদর্শক | ২ | ২ | ০ |
| ৩. | অফিস সহকারী কাম কম্পিঃ অপাঃ | ১ | ০ | ১ |
| ৪. | অফিস সহায়ক | ১ | ১ | ০ |
| | মোট= | ৫ | ৪ | ১ |

# ২য় অধ্যায়
## বাগাতিপাড়া উপজেলার সমবায় খাতের অগ্রগতি

বাংলাদেশে সমবায়ের কার্যক্রম শতবর্ষ অতিক্রম করেছে। এ সুদীর্ঘ পথ পরিক্রমায় বিশ্ব অর্থনীতির সকল জোয়ার ভাটা সমবায়ের উপর দিয়ে প্রবাহিত হয়েছে। পুঁজিবাদের প্রবল দাপটে মাঝে মধ্যে সমবায়ের অবস্থা নাজুক হলেও এর ফলপ্রসূ কার্যকারিতা তাকে টিকিয়ে রেখেছে আর্থ-সামাজিক উন্নয়নের সার্বজনীন উপযোগী মাধ্যম হিসেবে। নতুন শতাব্দীতে সমবায় নতুন ভাবধারায় উজ্জীবিত হয়েছে। ফলে বিভিন্ন মাপকাঠিতে এর ক্রম অগ্রসরতা দৃশ্যমান হয়। অর্থনীতির এ খাতের সাফল্য পরিসংখ্যান এর নিয়মে পরিমাপ করা দুঃসাধ্য বিষয়। তবে কিছু নিয়ামক রয়েছে যার মাধ্যমে এর সফলতা ও ব্যর্থতার একটি ধারণা পাওয়া যেতে পারে। এ দেশে প্রাথমিক সমবায় সমিতির কার্যক্রমই সমবায় আন্দোলনের মূল চালিকা শক্তি। নিম্নে এরূপ প্রাথমিক সমবায় সমিতির কিছু নিয়ামক চিত্র তুলে ধরা হলঃ

**২.১ প্রাথমিক সমিতির সংখ্যাঃ** নতুন সহস্রাব্দে সমবায়ের কিছু নতুন মাত্রা যুক্ত হওয়ায় এর জনপ্রিয়তা বৃদ্ধি পেয়েছে। ফলে নতুন সমবায় সমিতি নিবন্ধনের প্রক্রিয়াও অব্যাহত রয়েছে। প্রতি বছরেই উল্লেখযোগ্য সংখ্যক সমবায় সমিতি নিবন্ধিত হচ্ছে। সমবায় অধিদপ্তরের সরাসরি তত্ত্বাবধানে গঠিত সমবায় সমিতির পাশাপাশি অন্যান্য সরকারি ও বেসরকারি সংস্থার উদ্যোগেও বিভিন্ন ক্যাটাগরির সমবায় সমিতি নিবন্ধিত হয়ে থাকে। বিশেষ করে প্রাথমিক সমবায় সমিতি সংগঠনের ধারা অন্যান্য সময়ের তুলনায় বর্তমানে অনেক বেশী।

**২.২ প্রাথমিক সমিতির সদস্য সংখ্যাঃ** উন্নয়ন কার্যক্রমে জনগণের অংশীদারিত্ব উন্নয়নের অন্যতম নির্দেশক। সমবায় নিম্নবিত্তের সংগঠন হিসেবে আবির্ভূত হলেও বর্তমানে শ্রেণীর বিপুল সংখ্যক জনগোষ্ঠী সমবায়কে আর্থ সামাজিক উন্নতির একটি পরীক্ষিত কৌশল হিসেবে বেছে নিয়েছে। সমবায় শুধু অর্থনৈতিক উন্নয়নই নয় পাশাপাশি সামাজিক উন্নয়নেও বিশেষ অবদান রেখে থাকে। প্রতিবেদনাধীন বছরের জুন ২০২৪ পর্যন্ত সমবায় সমিতির ব্যক্তি সদস্য সংখ্যা দাঁড়িয়েছে ৫,১৭৭ জন। বিগত ২০২২-২০২৩ সালের তুলনায় এ বছর সদস্য সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

**২.৩ শেয়ার মূলধনঃ** দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র পুঁজির সমন্বয় ঘটিয়ে বৃহৎ মূলধন তৈরী এবং উক্ত মূলধন বিনিয়োগ করে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি করাই হচ্ছে সমবায়ের লক্ষ্য অর্জনের মূল কৌশল। যার প্রধান উৎস হল সদস্যদের নিকট বিক্রিত শেয়ার। বাগাতিপাড়া উপজেলায় সমবায় সমিতির মোট শেয়ার হচ্ছে ৮৯.২৯ লক্ষ টাকা।

**২.৪ সঞ্চয় আমানতঃ** সমবায় সমিতির মূলধন গঠনে শেয়ারের পরে সঞ্চয়ের ভূমিকা উল্লেখযোগ্য। সদস্যরা নির্দিষ্ট হারে সমিতিতে সঞ্চয় জমা করে তা লাভজনক ব্যবসায়ে বিনিয়োগ করে থাকে। ২০২২-২০২৩ অর্থ বছরে সঞ্চয় আমানত এর পরিমাণ ৪৪৬.১৫ লক্ষ টাকা।

**২.৫ সংরক্ষিত তহবিল তহবিলঃ** সমবায় সমিতিগুলোর নীট লাভ থেকে নির্দিষ্ট হারে বিভাজনের মাধ্যমে উল্লেখযোগ্য পরিমাণ অর্থ সংরক্ষিত তহবিল ও অন্যান্য তহবিলে জমা হয়ে থাকে। এ তহবিল সমিতির মূলধন হিসেবে গণ্য হয়। ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাথমিক সমবায় সমিতিগুলোর সংরক্ষিত তহবিলের পরিমাণ দাঁড়িয়েছে ১৫.৪১ লক্ষ টাকা ।

**২.৬ কার্যকরী মূলধন:** সমবায় সমিতির শেয়ার মূলধন, সঞ্চয় আমানত ও সংরক্ষিত তহবিল সমবায় সমিতির কার্যকরী মূলধনের উল্লেখযোগ্য অংশ গঠন করে থাকে। জুন, ২০২৪ নাগাদ প্রাথমিক সমবায় সমিতিসমূহের কার্যকরী মূলধনের পরিমাণ দাঁড়িয়েছে ৩২৩.০৯ লক্ষ টাকা। ২০২২-২০২৩ অর্থ বছরের তুলনায় এ বছর কার্যকরী মূলধনের পরিমান বৃদ্ধি পেয়েছে।

**২.৭ বিনিয়োগ:** ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রাথমিক সমবায় সমিতিগুলো বিভিন্ন আর্থিক কর্মকান্ডে প্রায় ৮২.৪৮ লক্ষ টাকা বিনিয়োগ করেছে । ২০২২-২৩ অর্থ বছরের তুলনায় এ বছর বিনিয়োগ বৃদ্ধি পেয়েছে।




চিত্রঃ সমবায় সমিতির অফিস পরিদর্শন চিত্র।

# ৩য় অধ্যায়

## জাতীয় সমবায় পুরস্কার-২০২৩ এর তথ্য

সমবায়ের ক্ষেত্রে বিশেষ অবদানের স্বীকৃতি হিসেবে বাংলাদেশ সরকার কর্তৃক প্রতি বছর ১০টি ক্যাটাগরিতে সমবায় সমিতি/ সমবায়ীকে জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হয়। নিম্নে সরকারের নতুন পদ্ধতিতে উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর জাতীয় সমবায় পুরস্কার প্রাপ্তির জন্য দেশ বন্ধু সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ মনোনয়ন দেয়া হয়।

# ৪র্থ অধ্যায়

## বাগাতিপাড়া উপজেলার প্রশিক্ষণ কার্যক্রম

শত বছরের প্রাচীন ও পরীক্ষিত একটি অর্থনৈতিক প্রক্রিয়া হচ্ছে সমবায়। কৃষি নির্ভর বাংলাদেশের দরিদ্র কৃষকদের দারিদ্র্য বিমোচনে ও অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে ১৯০৪ খ্রিষ্টাব্দে উপমহাদেশের সমবায় আন্দোলনের সূচনা হয়। কালক্রমে এই আন্দোলনের কার্যকারিতা ও উপযোগিতা বিভিন্ন শ্রেণীর পেশার মানুষের কাছে সমাদৃত হয়েছে। ব্যক্তিখাত ও বাজার অর্থনীতির শোষণমূলক আগ্রাসন এবং প্রাতিষ্ঠানিক অদক্ষতার মধ্যে ভারসাম্য আনয়ন করে ক্ষুদ্র ও কমিউনিটি উদ্যোগের পুনর্জাগরণের ক্ষেত্রে সমবায় একটি অফুরন্ত সম্ভাবনাময় খাত। এটা অনস্বীকার্য যে, পৃথিবীর অন্যান্য দরিদ্র ও উন্নয়নশীল দেশগুলোর ন্যায় বাংলাদেশের সমবায় আন্দোলন নানাবিধ সমস্যা ও সীমাবদ্ধতার মধ্য দিয়ে অগ্রসর হচ্ছে।

ইতোপূর্বে বাংলাদেশের সমবায় আন্দোলনের যে সব সমস্যা সনাক্ত করা হয়েছে তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে সমবায় শিক্ষা উদ্বুদ্ধকরণের অপ্রতুলতা, সেজন্য সমবায় সমিতিগুলোর অভ্যন্তরে আশানুরূপ গতিশীল নেতৃত্ব ও ব্যবস্থাপনা দক্ষতা বৃদ্ধি পায়নি। সমবায় সম্পর্কিত শিক্ষা ও প্রশিক্ষণের অভাব এর অন্যতম কারণ। সুতরাং সমবায় সংগঠনগুলিকে নিয়মিত উপযুক্ত প্রশিক্ষণ দিতে পারলে প্রতিষ্ঠানগুলি সুশৃঙ্খল, লাভজনক ও দীর্ঘস্থায়ী প্রতিষ্ঠান হিসেবে বিকাশ ঘটবে বলে আশা করা যায়। আর এ প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য গঠিত হয়েছে বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহ। এই বিভাগের আওতায় প্রশিক্ষণের জন্য আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, নওগাঁ একটি প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে।

### ৪.১ আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, নওগায়ঁ বিভিন্ন কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ

সুনির্দিষ্ট আর্থ-সামাজিক লক্ষ্য অর্জনের নিমিত্তে সমবায় সংগঠন সঠিকভাবে পরিচালনার জন্য প্রয়োজন দক্ষ ও সুশৃঙ্খল কর্মীবাহিনী। এ ধরনের কর্মীবাহিনী সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে গঠন সম্ভব নয়। আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, নওগাঁ একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান। যেখানে মূলত: সমবায়কে কেন্দ্র করেই সমস্ত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউটে সমবায়ীদের এবং সমবায় বিভাগে কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়ন ও বিভিন্ন গবেষণাধর্মী কার্যক্রম পরিচালনা করে থাকে। এ ধরনের প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ সমবায় খাতের উন্নয়নের জন্য সমবায়ী চেতনা সৃষ্টির নিমিত্তে সমবায় সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ দিয়ে থাকে।

১) আঞ্চলিক সমবায় ইনষ্টিটিউট, নওগাঁয় ২০২৩-২৪ প্রশিক্ষণ বর্ষে মোট ০৩ টি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্সসমূহে সর্বমোট ০৬ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

### ৪.২ সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি)'র আওতায় প্রশিক্ষণ:

সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচী (সিভিডিপি) প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ বর্ষে ৪ টি গ্রুপে মোট ৮০ জন কে সুইং মেশিন অপারেশন, উইভিং অপারেশন, ফ্রিজার এন্ড রেফ্রিজারেশন এবং ইলেট্রিক্যাল ট্রেড্রে প্রশিক্ষণ দেয়া হয়েছে।



চিত্রঃ টেলারিং এন্ড ড্রেসমেকিং কোর্সের আইজিএ প্রশিক্ষনার্থীদের চিত্র



চিত্রঃ ইলেকট্রিক্যাল কোর্সের আইজিএ প্রশিক্ষনার্থীদের চিত্র

### ৪.৩ সমবায় কার্যালয়ের কর্মচারীদের প্রশিক্ষণ

২০২৩-২৪ অর্থবছরে আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, নওগাঁয় উপজেলার ২ জন সহকারী পরিদর্শক অফিস ব্যবস্থাপনা ও অডিট বিষয়ে সরাসরি এবং জুমের মাধ্যমে প্রশিক্ষণ গ্রহণ করেছেন।

### ৪.৩ সমবায় কার্যালয়ের অফিসারদের প্রশিক্ষণ

বাংলাদেশ সমবায় একাডেমিতে উপজেলা সমবায় কর্মকর্তা, বাগাতিপাড়া, নাটোর এ্যাডভান্স কম্পিউটার ও অডিট প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন।

### ৪.৪ একদিনের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ

দক্ষ সমবায়ী গড়ে তোলার লক্ষে ২০২৩-২০২৪ বর্ষে ৪ টি ১ দিনের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্স, জেলার সমবায় অফিসের ভ্রম্যমাণ প্রশিক্ষণ ইউনিট, নাটোর এর সহযোগীতায় উপজেলা সমবায় কার্যালয়, বাগাতিপাড়া, নাটোর এই প্রশিক্ষণের আয়োজন করে। প্রশিক্ষণে প্রতিটি প্রশিক্ষণে ২৫ জন করে মোট মোট ১০০ জন প্রশিক্ষনার্থী অংশ গ্রহন করে।





চিত্রঃ ১ দিনের ভ্রাম্যমাণ প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষনার্থীদের চিত্র

# ৫ম অধ্যায়

## বাগাতিপাড়া উপজেলার ৫টি সফল সমবায় সমিতি

০১) উষা মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ
০২) ফিলোন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ
০৩) বাটিকামারী একতা বহুমুখী সমবায় সমিতি লিঃ
০৪) মাঝপাড়া সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি লিঃ
০৫) দেশ বন্ধু সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ



চিত্রঃ ২০২৪ সালের শুরুতে বিভাগীয় সমবায় অফিস থেকে প্রকাশিত নোটবুক উপজেলা সমবায় অফিসার, বাগাতিপাড়া তাঁর সহকর্মীদের মধ্যে বিতরণের চিত্র

# ৬ষ্ঠ অধ্যায়

## বিভিন্ন অনুষ্ঠান ও কার্যক্রমের চিত্র




চিত্রঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চিত্র




চিত্রঃ এপিএ ২৩-২৪ সালের স্বাক্ষর অনুষ্ঠান




চিত্রঃ ফিলোন সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লি. এর বার্ষিক সাধারণ সভার চিত্র।




চিত্রঃ আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনে উপজেলার সকল কর্মকর্তাদের সাথে চিত্র।




চিত্রঃ অংশিজনের সভায় অংশগ্রহণের চিত্র।



চিত্রঃ উন্নতজাতের গাভী পালনের জন্য সুবিধাভোগীদের মাঝে ইউএনও, উপজেলা চেয়ারম্যান এবং সংসদ সদস্যের মাধ্যমে চেক বিতরণের চিত্র।




চিত্রঃ সমবায় সমিতির মাধ্যমে শিতবস্ত্র বিতরণের চিত্র।